আজকের কাগজ

তারিখ 02 AUG 1994
পৃষ্ঠা ২ কলাম ৫

102

# কুমিল্লা বোর্ডের এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁসের খবর ভিত্তিহীন

কয়েকটি দৈনিক পত্রিকায় গতকাল কুমিল্লা বোর্ডের ১৯৯৪ সালে চলতি এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়েছে এবং বিভিন্ন স্থানে প্রশ্নপত্র বিক্রি হচ্ছে বলে যে খবর প্রকাশিত হয়েছে সেসব খবর সঠিক তথ্য ভিত্তিক নয় বরং বিভ্রান্তিকর ও ভিত্তিহীন।

প্রকৃতপক্ষে কোথাও এইচএসসি পরীক্ষার প্রশ্নপত্র ফাঁস হয়নি। এ ধরনের সংবাদ পরীক্ষার্থী, অভিভাবক, শিক্ষক ও জনসাধারণের মনে সংশয় ও বিভ্রান্তি সৃষ্টি করতে পারে বলে বস্তুনিষ্ঠ সংবাদ পরিবেশনের স্বার্থে ভবিষ্যতে এ ধরনের সংবাদ পরিবেশনের আগে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সত্যতা যাচাই করার জন্যে বিশেষ অনুরোধ জানিয়েছে। খবর তথ্য বিবরণী।